



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

আইডিয়া কোয়ালিটির পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



১১ নভেম্বর ২০২০-বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি কর্তৃক আয়োজিত ন্যাশনাল আইডিয়া কন্টেস্ট, আইডিয়া কোয়ালিটি ২০২০, পাওয়ার্ড বাই লাকভেলকি এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির মেন্টর অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্য এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তব্যের একাংশে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেবাকে ডিজিটলাইজড করার অ্যাপস/প্রোগ্রাম তৈরির ব্যাপারে আইটি সোসাইটির প্রতি আহ্বান জানান।



উল্লেখ্য, প্রতিযোগিতাটির পূর্ববর্তী পর্ব কোভিড-১৯ এর কারণে অনলাইনে সম্পন্ন হয়েছে। সারা দেশের ৩৬টি প্রতিষ্ঠান থেকে প্রায় ২০০টির মতো টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতাটি তিনটি পর্বে সম্পন্ন হয়- যার প্রথম পর্বে অংশগ্রহণকারী দলসমূহ একটি ওটিটি স্টার্টআপ প্ল্যাটফর্মের জন্য আইডিয়া প্রদান করে। পরবর্তী পর্বের বাছাইকৃত ৩০টি দল প্রদত্ত আইডিয়ার ডিটেইলস মার্কেটিং এবং সেলস প্ল্যান সরবরাহ করে। প্রতিযোগিতাটির চূড়ান্ত পর্বে ৮টি টিম নিজেদের আইডিয়াগুলো বিজ্ঞ বিচারকদের উপস্থিতিতে (অনলাইনে) উপস্থাপন করে এবং বিচারকগণ প্রতিটি আইডিয়ার সম্ভাব্যতা ও বাস্তবায়নযোগ্যতা মূল্যায়ন করে তিনটি দলকে বিজয়ী ঘোষণা করেন।

প্রতিযোগিতাতে চ্যাম্পিয়ন হয় ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির দল-টিম কোড রেড। প্রথম রানার আপ এবং দ্বিতীয় রানার আপ হওয়ার যোগ্যতা অর্জন করে যথাক্রমে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের দল- টিম ইম্প্যাক্ট এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর দল- টিম আর-কিউব। অনুষ্ঠানে শেষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।